# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd
E-mail : dinajpureducationboard@gmail.com

## ২০২০ সালের এসএসসি পরীক্ষার Online ফরম পুরণ বিজ্ঞপ্তি

**স্মারক নং ঃ** মাউশিবোদি/পনি/পরী-এসএসসি/২০১৯/৩১৫৯(২৫০) **তারিখ ঃ** ২৯/০৯/২০১৯ খ্রিঃ

এতদ্বারা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর এর আওতাধীন সকল মঞ্জুরীপ্রাপ্ত মাধ্যমিক বিদ্যালয় প্রধান এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দিনাজপুর শিক্ষা বোর্ডের অধীনে ২০২০ সনে অনুষ্ঠিতব্য মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার Online এ ফরম পুরণ ও প্রয়োজনীয় ফি দিনাজপুর শিক্ষা বোর্ডে জমা দেয়ার তারিখ, ফি এর হার ও নিয়মাবলি নিম্নে উল্লেখ করা হলো :

১। **Online-এ শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা (Probable list) প্রদর্শন ঃ** শিক্ষার্থীদের ফরম পুরণের তথ্য সম্বলিত সম্ভাব্য তালিকা দিনাজপুর শিক্ষা বোর্ডের ওয়েবসাইট (www.dinajpurboard.gov.bd) এর e-FF Link-এ আগামী ০৬/১১/২০১৯ তারিখে প্রকাশ করা হবে। **উক্ত সম্ভাব্য তালিকা হতে ১৪/১১/২০১৯ তারিখ পর্যন্ত বিলম্ব ফি ছাড়া এবং ১৮/১১/২০১৯ তারিখ থেকে ২১/১১/২০১৯ তারিখ পর্যন্ত বিলম্ব ফিসহ Online-এ ফরমপুরণ (e-FF) সম্পন্ন করে করা যাবে।**

(ক) প্রতিষ্ঠান প্রধানগণ Probable List Print থেকে পরীক্ষার্থী নির্বাচন করবেন। যাদেরকে নির্বাচন করবেন সেসব পরীক্ষার্থীদের তালিকা Temporary List-এ যাবে। অত:পর পরীক্ষার্থীদের Temporary List ভালভাবে যাচাই/বাছাই শেষে পরীক্ষার্থী নির্বাচন সম্পন্ন হলে "Sonali Seba" Button-এ ক্লিক করে প্রতিষ্ঠান প্রধানের নাম ও Mobile No. দিয়ে Save Button-এ Click করলে মোট ফি-এর পরিমাণ উল্লেখসহ সোনালী সেবা Payslip তৈরি হবে এবং Temporary List হতে নির্বাচিত পরীক্ষার্থীদের তালিকা মুছে যাবে। Payslip এর টাকা ব্যাংকে জমা দেয়ার ৭২ ঘন্টার মধ্যে ফরমপুরণকৃত পরীক্ষার্থীদের তালিকা Final List-এ প্রদর্শিত হবে। প্রদর্শিত Final List প্রিন্ট করে নিতে হবে। **মনে রাখতে হবে, Final List প্রিন্ট না করা পর্যন্ত ফরমপুরণ কার্যক্রম সম্পন্ন হবে না।** এভাবে যতবার ইচ্ছে নির্ধারিত তারিখের মধ্যে Probable List হতে একইভাবে পরীক্ষার্থী নির্বাচন করে ফরমপুরণ করা যাবে। যতবার "Sonali Seba" Button-এ ক্লিক করে Payslip এর টাকা ব্যাংকে জমা দেয়া হবে ততবার ফরমপুরণকৃত পরীক্ষার্থীদের তালিকা Final List-এ সংযুক্ত হয়ে প্রদর্শিত হবে। **উল্লেখ্য, Confirm Button থাকবে না, "Sonali Seba" Button-এ ক্লিক করে Payslip তৈরি করলেই নির্বাচিত তালিকা Confirm হবে। নির্ধারিত তারিখের পরে কোনমতে ফরমপুরণের আবেদন অত্র শিক্ষা বোর্ডে গ্রহণ করা হবে না।**

(খ) প্রতিষ্ঠানসমূহকে বর্ণিত ওয়েবসাইটের eFF Link-এ Click করে প্রতিষ্ঠানের EIIN ও SSC Registration-এর Password দিয়ে Login করে প্রাপ্ত Probable List Print করে হার্ডকপিতে লালকালির বলপেন দিয়ে টিক চিহ্ন প্রদানপূর্বক পরীক্ষার্থী বাছাই/Select করতে হবে।

(গ) উক্ত হার্ডকপিতে (Probable List) টিক চিহ্নিত পরীক্ষার্থীর তথ্য মিলিয়ে কম্পিউটারে প্রদর্শনকৃত সম্ভাব্য তালিকায় (Probable List) Online এ সংশ্লিষ্ট পরীক্ষার্থী/পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন নম্বর ও নামের পার্শ্বে ক্লিক করে ফরমপুরণ সম্পন্ন করতে হবে।

(ঘ) পরীক্ষার্থী সিলেক্ট করার পর প্রাপ্ত Temporary List Print করে ভালভাবে যাচাই/বাছাই করতঃ প্রয়োজন হলে কোন পরীক্ষার্থী বাদ পড়ে থাকলে তাকে সংযুক্ত করা এবং বেশি হয়ে থাকলে তাকে বাদ দেয়া যাবে।

(ঙ) একই নামের একাধিক ছাত্র/ছাত্রী থাকলে প্রকৃত পরীক্ষার্থী নির্বাচন করার ক্ষেত্রে রেজিঃ নম্বর দিয়ে নির্বাচন করতে হবে, যাতে প্রকৃত পরীক্ষার্থীর পরিবর্তে অন্য কোন শিক্ষার্থীর নাম নির্বাচিত না হয়। অনুরূপ ভুলের জন্য যাবতীয় দায় প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।

(চ) Final Candidate List Print করে পরীক্ষার্থীর স্বাক্ষর গ্রহণ করত: প্রতি পৃষ্ঠায় প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষর প্রদানপূর্বক প্রতিষ্ঠানে সংরক্ষণ করবেন।

(ছ) ব্যাংকে ফি জমা দেয়ার সর্বশেষ তারিখ ঃ বিলম্ব ফি ছাড়া- ১৭/১১/২০১৯ এবং বিলম্ব ফিসহ- ২৪/১১/২০১৯ তারিখ।

০২। **ফরম পুরণ সংক্রান্ত বিভিন্ন কার্যক্রমের বিবরণ :**

| ক্রমিক নং | কাজের বিবরণ | তারিখ |
|---|---|---|
| (ক) | রেজিস্ট্রেশন এর মেয়াদ থাকা সাপেক্ষে জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীসহ আবশ্যিক ও নৈর্বাচনিক বিষয়/বিষয়সমূহে এক থেকে চার বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীগণের ২০২০ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে অংশগ্রহণের জন্য নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের বরাবরে সাদা কাগজে আবেদন করার শেষ তারিখ : | ২৪/১০/২০১৯ |
| (খ) | নির্বাচনি (টেস্ট) পরীক্ষা গ্রহণসহ ফল প্রকাশের শেষ তারিখ : | ০৫/১১/২০১৯ |
| (গ) | রেজিস্ট্রেশন নবায়নের শেষ তারিখ: রেজিঃ নবায়ন ফি- ২০০/- (প্রতি পরীক্ষার্থী) ঃ (নির্ধারিত তারিখের পরে নবায়ন করা হবে না। | ০৬/১১/২০১৯ |
| (ঘ) | Online-এ Probable List প্রদর্শন : | ০৫/১১/২০১৯ |
| (ঙ) | Online-এ বিলম্ব ফি ছাড়া ফরমপুরণের তারিখ : | ০৬/১১/২০১৯ হতে ১৪/১১/২০১৯ |
| (চ) | বিলম্ব ফি ছাড়া Sonali Seba-এর মাধ্যমে ফি জমা দেয়ার শেষ তারিখ : | ১৭/১১/২০১৯ |
| (ছ) | বিলম্ব ফি ছাড়া Final List প্রিন্ট করার শেষ তারিখ : | ২০/১১/২০১৯ |
| (জ) | Online-এ বিলম্ব ফিসহ ফরমপুরণের তারিখ : | ২১/১১/২০১৯ হতে ২৩/১১/২০১৯ |
| (ঝ) | পরীক্ষার্থী প্রতি ১০০.০০ (একশত) টাকা হারে বিলম্ব ফিসহ Sonali Seba-এর মাধ্যমে ফি জমা দেয়ার শেষ তারিখ : | ২৪/১১/২০১৯ |
| (ঞ) | বিলম্ব ফিসহ Final List প্রিন্ট করার শেষ তারিখ : | ২৭/১১/২০১৯ |

০৩। ক) প্রতিষ্ঠান প্রধানগণ পরীক্ষার্থীর স্বাক্ষর সম্বলিত Final Candidate List Print Copy ও Sonali Seba Payslip তাদের স্ব স্ব প্রতিষ্ঠানে উত্তমরূপে সংরক্ষণ করবেন। Final Candidate List Print Copy সংশ্লিষ্ট কেন্দ্রে কিংবা শিক্ষা বোর্ডে জমা দিতে হবে না।

খ) প্রবেশপত্র বিতরণের সময়সূচি প্রকাশিত হলে কেন্দ্র সচিবগণ তাঁর কেন্দ্রের সকল প্রতিষ্ঠানের ফরমপূরণ ফি জমাদানের Sonali Seba Payslip-এর শিক্ষা বোর্ডের অংশ (মূল কপি) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের নিকট থেকে সংগ্রহ করবেন। শিক্ষা বোর্ড হতে প্রবেশপত্র গ্রহণের দিন সংগৃহিত Sonali Seba Payslip সংশ্লিষ্ট ডিলিংস-এর নিকট জমা দিয়ে প্রবেশপত্র গ্রহণ করবেন।

**০৪। ২০২০ সালে অনুষ্ঠিতব্য এসএসসি পরীক্ষার ফি এর হার :**

| পরীক্ষার্থীর ধরণ (১) | পরীক্ষার ফি (পত্র প্রতি) (২) | ব্যবহারিক পরীক্ষার ফি (পত্র প্রতি) (৩) | একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি (পরীক্ষার্থী প্রতি) (৪) | মূল সনদ ফি (পরীক্ষার্থী প্রতি) (৫) | অনিয়মিত ফি (পরীক্ষার্থী প্রতি) (৬) | অনুমতি ও তালিকা ভূক্তি ফি (পরীক্ষার্থী প্রতি) (৭) | বয়'স স্কাউট/ গার্লস গাইড ফি (পরীক্ষার্থী প্রতি) (৮) | জাতীয় শিক্ষা সপ্তাহ ফি (পরীক্ষার্থী প্রতি) (৯) | বার্ষিক ক্রীড়া এফিলিয়েশন ফি (শিক্ষা প্রতিষ্ঠান প্রতি) (১০) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| নিয়মিত পরীক্ষার্থী | ১০০.০০ | ৩০.০০ | ৩৫.০০ | ১০০.০০ | × | × | ১৫.০০ | ৫.০০ | ৩০০.০০ |
| অনিয়মিত পরীক্ষার্থী যারা ইতোপূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করেনি। | ১০০.০০ | ৩০.০০ | ৩৫.০০ | ১০০.০০ | ১০০.০০ | × | ১৫.০০ | ৫.০০ | |
| অনিয়মিত পরীক্ষার্থী যারা ইতোপূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করেছে। | ১০০.০০ | ৩০.০০ | ৩৫.০০ | × | ১০০.০০ | × | ১৫.০০ | ৫.০০ | |
| জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী | ১০০.০০ | ৩০.০০ | ৩৫.০০ | ১০০.০০ | × | ১০০.০০ | ১৫.০০ | ৫.০০ | |

*** **২০১৬-২০১৭, ২০১৭-২০১৮ ও ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের ক্ষেত্রে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (১৫৪), শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা (১৪৭) এবং ক্যারিয়ার শিক্ষা (১৫৬) বিষয়ের ব্যবহারিক ফি বাবদ শিক্ষা বোর্ড তহবিলে ৫/- (পাঁচ) টাকা হারে জমা দিতে হবে।**

**উল্লেখ্য, শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা (১৪৭) এবং ক্যারিয়ার শিক্ষা (১৫৬) বিষয় দুটির পরীক্ষা কেন্দ্রে অনুষ্ঠিত হবে না। এক্ষেত্রে স্ব স্ব প্রতিষ্ঠানকে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে বিষয় দু'টির নম্বর প্রদান কার্যক্রম সম্পন্ন করতে হবে। বিধায়, উক্ত বিষয় দুটির জন্য পরীক্ষার ফি (প্রতি পত্র) ১০০/- হারে আদায় করা যাবে না। তবে ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের অনিয়মিত পরীক্ষার্থীদের বর্ণিত বিষয় দুটির জন্য পরীক্ষার ফি (প্রতি পত্র) ১০০/- হারে আদায় করতে হবে।**

ক) অন্যান্য ফি-এর হার :

(১) বিলম্ব ফি প্রতি পরীক্ষার্থী (প্রযোজ্য ক্ষেত্রে) ১০০.০০ (একশত টাকা)।
(২) রেজিস্ট্রেশন নবায়ন ফি প্রতি পরীক্ষার্থী (প্রযোজ্য ক্ষেত্রে) ২০০.০০ (দুইশত) টাকা।

**খ) কেন্দ্র ফি (সংশ্লিষ্ট কেন্দ্রের সচিবকে পরিশোধ করতে হবে) ঃ**

(১) সকল প্রকারের পরীক্ষার্থী যাদের ব্যবহারিক পরীক্ষা নেই (জন প্রতি) ৩৫০.০০ (তিনশত পঞ্চাশ) টাকা।
(২) সকল প্রকারের পরীক্ষার্থী যাদের ব্যবহারিক পরীক্ষা আছে (জন প্রতি) ৪০০.০০ (চারশত) টাকা।

**বি:দ্র: ব্যবহারিক ফি বাবদ প্রতি পত্র ৪০/- (চল্লিশ) টাকা আদায় করতে হবে। আদায়কৃত পত্র প্রতি ব্যবহারিক ফি ৪০/- (চল্লিশ) টাকা থেকে ৩০/- (ত্রিশ) টাকা বোর্ড তহবিলে এবং ১০/- (দশ) টাকা কেন্দ্র সচিবকে পরিশোধ করতে হবে। ব্যবহারিক পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন ও আনুষঙ্গিক কর্মসম্পাদনের পর পরই কেন্দ্র সচিব ব্যবহারিক পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন ফি বাবদ আদায়কৃত অর্থ হতে অভ্যন্তরীণ পরীক্ষককে উত্তরপত্র প্রতি ০৫/- (পাঁচ) টাকা এবং বহিরাগত পরীক্ষককে উত্তরপত্র প্রতি ০৫/- (পাঁচ) টাকা হারে সম্মানী/পারিশ্রমিক পরিশোধ করবেন। এ বিষয়ে শিক্ষা বোর্ড টিএ/ডিএ বা উত্তরপত্র মূল্যায়ন বাবদ কোন প্রকার সম্মানী প্রদান করবে না।**

**উল্লেখ্য, ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮ ও ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের ক্ষেত্রে প্রতিষ্ঠান কর্তৃক মূল্যায়নের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (১৫৪), শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা (১৪৭) এবং ক্যারিয়ার শিক্ষা (১৫৬) বিষয়ের ব্যবহারিক ফি বাবদ পত্র প্রতি আদায়কৃত ৩০/- (ত্রিশ) টাকা থেকে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ১৮/- (আঠার) টাকা ও কেন্দ্র সচিব ৭/- (সাত) টাকা হারে প্রাপ্য হবেন এবং শিক্ষা বোর্ড তহবিলে ৫/- (পাঁচ) টাকা হারে জমা দিতে হবে।**

০৫। **পরীক্ষার মাধ্যম :** বাংলা/ ইংরেজি ভার্সনে পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে । কোন শিক্ষা প্রতিষ্ঠানে ইংরেজি ভার্সন পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থী থাকলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে নিম্নের ছক অনুযায়ী এক কপি তালিকা উপ পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক) এর নিকট হাতে হাতে ৩০/১০/২০১৯ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় তাঁর শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ইংরেজি ভার্সন পরীক্ষা গ্রহণ করানো হবে না। এতে শিক্ষার্থীদের কোন অসুবিধা হলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানই ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

## ছক

**প্রতিষ্ঠানের নাম.............................................. EIIN........................ প্রতিষ্ঠান প্রধানের মোবাইল নং........................**

| ক্রমিক নং | বিষয়/পত্রের নাম | বিষয়/পত্র কোড | শিক্ষার্থীর সংখ্যা |
|---|---|---|---|
| | | | |

**০৬। নিয়মিত পরীক্ষার্থী :**

২০১৮-২০১৯ সনের রেজিস্ট্রেশনধারী শিক্ষার্থীরা ২০২০ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।

**০৭। অনিয়মিত পরীক্ষার্থী :**

(ক) ২০১৬-২০১৭ এবং ২০১৭-২০১৮ সনের রেজিস্ট্রেশনধারী শিক্ষার্থীরা অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২০ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তাদেরকে কোন অবস্থাতেই নিয়মিত পরীক্ষার্থী হিসেবে গণ্য করা যাবে না।

(খ) ২০১৯ সনের এসএসসি পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের মধ্যে ৪র্থ বিষয় বাদে এক থেকে চার বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীরা অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২০ সনের এসএসসি পরীক্ষায় অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে অংশগ্রহণ করতে পারবে। তারা ইচ্ছা করলে সকল বিষয়েও পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(গ) ২০১৮ সনের এসএসসি পরীক্ষায় ৪র্থ বিষয় বাদে এক থেকে চার বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীদের মধ্যে যারা ২০১৯ সনের পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে এক বা একাধিক বিষয়ে অকৃতকার্য হয়েছে, রেজিস্ট্রেশন-এর মেয়াদ থাকলে তারা অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২০ সনের পরীক্ষায় পূর্বের অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে অথবা সকল বিষয়ে অংশগ্রহণ করতে পারবে। আংশিক বিষয়ে অংশগ্রহণে ইচ্ছুক পরীক্ষার্থীরা ৪র্থ বিষয়ে পরীক্ষা দিতে পারবে না।

**(ঘ) রেজিস্ট্রেশন নবায়ন করে পরীক্ষায় অংশগ্রহণ :**

২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের রেজি:ধারী শিক্ষার্থীদের মধ্যে যাদের রেজিস্ট্রেশন এর মেয়াদ শেষ অথচ চতুর্থ বিষয় বাদে এখনো এক বিষয়ে অকৃতকার্য আছে সে সকল শিক্ষার্থী বিশেষ বিবেচনায় রেজিস্ট্রেশন এর মেয়াদ কেবলমাত্র এক বছরের জন্য নবায়ন করে ২০২০ সনের এসএসসি পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অকৃতকার্য বিষয়টিতে অংশ গ্রহণ করতে পারবে। উল্লেখ্য, উপরের খ থেকে ঘ এ উল্লিখিত পরীক্ষার্থীদের পূর্বে উত্তীর্ণ বিষয়/বিষয়সমূহের প্রাপ্ত জিপি সংরক্ষিত থাকবে। ২০২০ সনের পরীক্ষায় তাদের অংশগ্রহণকৃত বিষয়/বিষয়সমূহের জিপি/পূর্বে উত্তীর্ণ বিষয়/বিষয়সমূহের সংরক্ষিত জিপি-এর সাথে যোগ করে তাদের জিপিএ নির্ধারণ করা হবে।

**(ঙ) রেজিস্ট্রেশন নবায়নের প্রক্রিয়া :**

উপানুচ্ছেদ ঘ এ উল্লিখিত রেজিস্ট্রেশন এর মেয়াদ উত্তীর্ণ পরীক্ষার্থীর পরীক্ষার ফরম পূরণের পূর্বে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান রেজিস্ট্রেশন নবায়ন ফি পরীক্ষার্থী প্রতি ২০০.০০ (দুইশত) টাকা হারে সোনালী সেবার মাধ্যমে সোনালী ব্যাংকে জমা করে প্রাপ্ত সোনালী সেবা রশিদসহ মূল রেজিস্ট্রেশন কার্ড পরীক্ষা নিয়ন্ত্রক-এর দপ্তরে জমা দিয়ে মূল রেজি: কার্ড নবায়ন করে নিতে হবে। মূল রেজি: কার্ড নবায়ন না করে সংশ্লিষ্ট পরীক্ষার্থীর Online ফরমপুরণ করা যাবে না। উল্লেখ্য রেজিস্ট্রেশন নবায়নের শেষ তারিখ ০৬/১১/২০১৯।

**০৮। জিপিএ উন্নয়ন :**

কেবল ২০১৯ সনের এসএসসি পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়েছে এবং জিপিএ ৫.০০ এর কম পেয়েছে এমন পরীক্ষার্থীরা রেজিস্ট্রেশন এর মেয়াদ থাকলে ২০২০ সনের পরীক্ষায় জিপিএ উন্নয়নের জন্য অংশগ্রহণ করতে পারবে। তাদেরকে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ২০২০ সনের পরীক্ষায় এদের জিপিএ উন্নয়ন হলে তা গ্রহণ করা হবে। অন্যথায় পূর্বের জিপিএ বহাল থাকবে। জিপিএ উন্নয়ন না হলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীর একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও সনদ সরবরাহ করা হবে না।

**০৯। বহিস্কৃত পরীক্ষার্থী :**

বহিস্কৃত পরীক্ষার্থীদের শাস্তির মেয়াদ উত্তীর্ণ হয়ে থাকলে এবং রেজিস্ট্রেশন এর মেয়াদ থাকলে তারা ২০২০ সনের এসএসসি পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। বহিস্কৃত পরীক্ষার্থী যারা পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে তাদেরকে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

**১০। চতুর্থ বিষয়ের সুবিধা :**

২০১৬-২০১৭ ও ২০১৭-২০১৮ সনের রেজি.ধারী পরীক্ষার্থীরা ২০১৮ ও ২০১৯ সনের পরীক্ষায় অংশগ্রহণ না করে থাকলে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে সকল বিষয়ে ২০২০ সনে পরীক্ষা দিলে চতুর্থ বিষয়ের সুবিধা পাবে এবং ২০১৬-২০১৭ ও ২০১৭-২০১৮ সনের রেজি.ধারী পরীক্ষার্থীরা যারা ২০১৮ ও ২০১৯ সনের এসএসসি পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণ করে ৪র্থ বিষয়ে উত্তীর্ণ হয়েছে এবং এক থেকে চার বিষয়ে অকৃতকার্য হয়েছে ২০২০ সনের এসএসসি পরীক্ষায় পূর্বের অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে অংশগ্রহণ করে উত্তীর্ণ হলে তারা ৪র্থ বিষয়ের সুবিধা পাবে।

**১১। পাঠ্যসূচি :**

ক) **বাংলা ১ম পত্র (১০১) বিষয়ের** ২০১৫-২০১৬ ও ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের ২০১৮ সালের সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে এবং ২০১৭-২০১৮ ও ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের ২০২০ সালের সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

খ) **ইংরেজি ১ম পত্র (১০৭) বিষয়ের** ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের ২০১৭ সালের সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে এবং ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮ ও ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের ২০২০ সালের সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

গ) **শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা (১৪৭) ও ক্যারিয়ার শিক্ষা (১৫৬) বিষয়ের** ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের ২০১৭ সালের সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে এবং ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮ ও ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের উক্ত বিষয়সমূহ এনসিটিবি এর নির্দেশনা অনুসারে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে প্রাপ্ত নম্বর শিক্ষা প্রতিষ্ঠাসমূহ সংশ্লিষ্ট কেন্দ্রে সরবরাহ করবেন। সংশ্লিষ্ট কেন্দ্রের কেন্দ্র সচিব ব্যবহারিক পরীক্ষার নম্বরের সাথে ধারাবাহিক মূল্যায়নে প্রাপ্ত নম্বর শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে Online-এ যথাসময়ে প্রেরণ নিশ্চিত করবেন।

ঘ) বাংলা ১ম পত্র (১০১), ইংরেজি ১ম পত্র (১০৭), শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা (১৪৭) এবং ক্যারিয়ার শিক্ষা (১৫৬) বিষয় ব্যতীত অন্যান্য সকল বিষয়/পত্রের সকল শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের পরীক্ষা শুধুমাত্র ২০২০ সালের সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে অনুষ্ঠিত হবে।

**১২। নির্বাচনি পরীক্ষা :**

জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী ব্যতিত নির্বাচনি পরীক্ষায় অংশগ্রহণ সকল শিক্ষার্থীর জন্য বাধ্যতামূলক। তবে যে সকল পরীক্ষার্থী ইতোমধ্যে এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে তাদের নির্বাচনি পরীক্ষায় উত্তীর্ণের বিষয়টি শিথিলযোগ্য।

১৩। **ছাড়পত্রধারী (TC) পরীক্ষার্থীর ফরম পুরণ সংক্রান্ত :**

TC (ছাড়পত্রধারী) পরীক্ষার্থীদের ফরম পুরণ Online (e-FF)-এর মাধ্যমে সম্পন্ন করা যাবে না। TC (ছাড়পত্রধারী) পরীক্ষার্থী/পরীক্ষার্থীদের ফরম পুরণের জন্য প্রয়োজনীয় ফি পৃথকভাবে সোনালী সেবার মাধ্যমে জমা করে জমাকৃত রশিদ (বোর্ডের অংশ) মূল কপি, প্রতিষ্ঠান প্রধানের আবেদন, শিক্ষা বোর্ড থেকে প্রাপ্ত বৈধ ছাড়পত্রের কপি, এসএসসি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি/জেএসসি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি ও প্রতিষ্ঠানের দেয়া TC-এর সত্যায়িত ফটোকপি আগামী ২০/১১/২০১৯ তারিখের মধ্যে হাতে হাতে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্য) জনাব মোঃ মানিক হোসেন-এর নিকট জমা দিতে হবে। প্রাপ্ত আবেদনের প্রেক্ষিতে ছাড়পত্রধারী পরীক্ষার্থীদের তথ্য যাচাই-বাছাই শেষে শিক্ষা বোর্ড তাদের ফরম পুরণ কার্যক্রম সম্পন্ন করবে।

১৪। **স্ক্রাইব (শ্রুতি লেখক) নিয়োগ :**

শিক্ষা বোর্ডের অনুমতিক্রমে কোন অন্ধ প্রতিবন্ধী এবং যাদের হাত নেই এমন প্রতিবন্ধী পরীক্ষার্থী স্ক্রাইব (শ্রুতি লেখক) নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। এক্ষেত্রে পার্শ্ববর্তী স্বীকৃতিপ্রাপ্ত প্রতিষ্ঠানের ৮ম শ্রেণীর শিক্ষার্থীদের মধ্য থেকে স্ক্রাইব (শ্রুতি লেখক) নির্বাচন করতে হবে। নির্বাচিত শিক্ষার্থীর স্ক্রাইব (শ্রুতি লেখক) এর পূর্ণ বিবরণ ও অভিভাবকের সম্মতিসহ পরীক্ষার্থীর ০২ (দুই) কপি ও শ্রুতি লেখকের ২ (দুই)কপি সত্যায়িত ছবি এবং মোবাইল নম্বর সম্বলিত দরখাস্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে পরীক্ষার প্রবেশপত্র পাওয়ার পর মূল প্রবেশপত্রসহ পরীক্ষা শুরুর ০৫ (পাঁচ) দিন পূর্বে পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর আবেদন করতে হবে। শ্রুতি লেখকের জন্য আবেদন করলে আবেদনের সাথে সিভিল সার্জন/সমাজ সেবা অধিদপ্তরের সার্টিফিকেট-এর ফটোকপি সত্যায়িত করে জমা দিতে হবে। এ ধরণের পরীক্ষার্থীদের অতিরিক্ত ২০ (কুড়ি) মিনিট সময় বৃদ্ধি করা যাবে। শ্রুতি লেখক (স্কাইব) নিয়ে পরীক্ষার্থী যে কেন্দ্রে পরীক্ষায় অংশগ্রহণ করবে সেই কেন্দ্রের কেন্দ্র সচিব তার জন্য সময় বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১৫। শিক্ষা মন্ত্রণালয়ের পত্র স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৪৩.০৩৬.১৪.৪৯৫, তারিখ- ২৯/০৯/২০১৫ এর নির্দেশনা অনুযায়ী প্রতিবন্ধী (অটিস্টিক, ডাউন সিনড্রোম, সেরিব্রালপাল্সি) শিক্ষার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের সুবিধার জন্য শিক্ষক/অভিভাবক/সাহায্যকারীর প্রয়োজন হয় বিধায় তাদের বিশেষ ব্যবস্থাপনায় পরীক্ষা প্রদানের সুযোগ দিতে হবে। এ ধরণের পরীক্ষার্থীদের সাধারণ পরীক্ষার্থীদের তুলনায় ৩০ (ত্রিশ) মিনিট অতিরিক্ত সময় প্রদান করতে হবে। যে কেন্দ্রে এ ধরণের পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করবে সেই কেন্দ্রের কেন্দ্র সচিব তার জন্য সময় বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। এ ধরণের শিক্ষার্থীদের অভিভাবককে উল্লিখিত সুবিধা গ্রহণের জন্য পরীক্ষার্থীর প্রবেশপত্র পাওয়ার পর মূল প্রবেশপত্রসহ পরীক্ষা নিয়ন্ত্রক, দিনাজপুর শিক্ষা বোর্ড বরাবর আবেদন করে পূর্বানুমতি গ্রহণ করতে হবে। আবেদনের সাথে সিভিল সার্জন/বিশেষজ্ঞ চিকিৎসক কর্তৃক প্রদত্ত অটিস্টিক/ডাউন সিনড্রোম/সেরিব্রালপাল্সি সনাক্তকরণ সনদ, পরীক্ষার্থী ও সাহায্যকারীর পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি করে সত্যায়িত ছবি জমা দিতে হবে।

**প্রফেসর মোঃ তৌফিক্জুর রহমান**
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর
ফোনঃ ০৫৩১-৫১৮৮১ (অফিস)

**স্মারক নং ঃ** মাউশিবোদি/পনি/পরী-এসএসসি/২০১৯/৩১৫৯(২৫০) **তারিখ ঃ** ২৯/০৯/২০১৯ খ্রিঃ

**অনুলিপি ঃ সদয় অবগতি ও জ্ঞাতার্থে- (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৪। ডিআইজি অব পুলিশ, রংপুর বিভাগ, রংপুর।
০৫। জেলা প্রশাসক, রংপুর/গাইবান্ধা/নীলফামারী/কুড়িগ্রাম/লালমনিরহাট/দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়।
০৬। পরিচালক, সেসিপ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।
০৭। পুলিশ সুপার, রংপুর/গাইবান্ধা/নীলফামারী/কুড়িগ্রাম/লালমনিরহাট/দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়।
০৮। দিনাজপুর শিক্ষা বোর্ডের সকল কর্মকর্তা।
০৯। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/যশোর/কুমিল্লা/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/ময়মনসিংহ/বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড।
১০। সিনিয়র সিস্টেম এনালিস্ট, রাজশাহী শিক্ষা বোর্ড কম্পিউটার কেন্দ্র, রাজশাহী।
১১। হিসাবরক্ষণ কর্মকর্তা, অত্র শিক্ষা বোর্ড।
১২। রংপুর/গাইবান্ধা/নীলফামারী/কুড়িগ্রাম/লালমনিরহাট/দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড় জেলার আওতাধীন সকল উপজেলা নির্বাহী অফিসার।
১৩। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, দিনাজপুর কর্পোরেট শাখা।
১৪। রংপুর/গাইবান্ধা/নীলফামারী/কুড়িগ্রাম/লালমনিরহাট/দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড় জেলার আওতাধীন সকল জেলা শিক্ষা অফিসার।
১৫। দিনাজপুর শিক্ষা বোর্ডের আওতাধীন মঞ্জুরীপ্রাপ্ত সকল মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক/অধ্যক্ষ।
১৬। রংপুর/গাইবান্ধা/নীলফামারী/কুড়িগ্রাম/লালমনিরহাট/দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড় জেলার আওতাধীন সকল উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার।
১৭। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
১৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, চিঠিপত্র গ্রহণ শাখা, অত্র শিক্ষা বোর্ড।
১৯। Website Copy।
২০। সংরক্ষণ নথি।

**মোঃ মানিক হোসেন**
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।
ফোন ঃ ০৫৩১-৫১৯৭৩ (অফিস)